

স্মারক নং-খুব/জ.প্র./প্র.রি/২০১৫-১৪২৩

তারিখ: ০৭/১২/২০২১ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

এক পিসিতেই সার্ভার, মনিটরিং, কাজ করা যাবে বহুসংখ্যক কম্পিউটারে

## খুবির সিএসই ডিসিপ্লিনে সেন্ট্রালাইজড কম্পিউটিং সিস্টেম উদ্বোধন করলেন উপাচার্য

খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ডিসিপ্লিনে জিরো ক্লাইয়েন্ট বেইজড সেন্ট্রালাইজড কম্পিউটিং সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। আজ ০৭ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ১০টায় আনুষ্ঠানিকভাবে এ সিস্টেমের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন। এসময় তিনি বলেন, এটা একটি নতুন ও ভালো আইডিয়া। একটি পিসিতে সার্ভার ব্যবহারের মাধ্যমে অধিক সংখ্যক কম্পিউটারে কেবল মনিটর ব্যবহার করে সুযোগ সৃষ্টির বিষয়টি বহুমুখী কাজে আসবে। এর ফলে উল্লেখযোগ্য আর্থিক সাশ্রয় হবে। তিনি এই সুবিধা বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ডিসিপ্লিনের কম্পিউটার ল্যাবে বা কম্পিউটার ব্যবহারকারী শিক্ষকদের মধ্যে সম্প্রসারণ করা যায় কি না সে বিষয়ে উপযোগিতা যাচাই করে দেখা হবে বলে উল্লেখ করেন। উপাচার্য বলেন, আমরা খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক শিক্ষককে কম্পিউটার, ইন্টারনেট সুবিধা প্রদান এবং প্রত্যেক ডিসিপ্লিনের ক্লাস রুমগুলোতে আধুনিক প্রযুক্তি ও উন্নত পরিবেশ সৃষ্টি করতে চাই। এ ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে। উপাচার্য পরে ডিসিপ্লিনের পিজিডি ল্যাবসহ আরও একটি ল্যাব পরিদর্শন করেন। এসময় উপাচার্যকে বিভিন্ন সুযোগ-সুবিধা ও প্রযুক্তি উপকরণ দেখানো হয়। এর মধ্যে মসৃণ দেয়ালে কিভাবে আলোক সম্পাত প্রক্ষেপণ করে একটি মনিটর ও হোয়াইটবোর্ডের কাজ করা যায় তাও দেখানো হয়। উপাচার্য এটাকে নতুন সম্ভাবনা বলে উল্লেখ করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ডিন প্রফেসর ড. আফরোজা পারভীন, সিএসই ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. জি এম আতিকুর রহমান, ডিসিপ্লিনের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০৭/১২/২০২১  
ড. জি এম আতিকুর রহমান  
পরিচালক (ভারসংগ্ধ)  
জনসংযোগ ও প্রকাশনা বিভাগ  
খুলনা বিশ্ববিদ্যালয়